

যুগান্তর

প্রিন্ট: ০৭ সেপ্টেম্বর ২০২৫, ১০:৩৯ এএম

শিক্ষার্জন

ডাকসু নির্বাচনে অভিনব কায়দায় ভোট চাষেন বাম প্রার্থী



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৫ সেপ্টেম্বর ২০২৫, ০৯:০৮ এএম



ডাকসু নির্বাচনে অভিনব প্রচার চালানো প্রার্থীর হচ্ছেন মুহাম্মদ মাহবুবুর রহমান। তিনি বাংলাদেশ জাসদের ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ-বিসিএলের কার্যকরী সাধারণ সম্পাদক। ভিডিওতে আরবির সঙ্গে বাংলায় সাবটাইটেলও জুড়ে দিয়েছেন মাহবুব। প্রচারে নতুনত্ব নিয়ে এসে অনেকের প্রশংসাই পাচ্ছেন তিনি।

মাহবুব আরবি ভাষায় ভিডিওতে বলেছেন, আমি মুহাম্মদ মাহবুবুর রহমান, কবি জসীম উদ্দীন হলের আবাসিক শিক্ষার্থী। আমি ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করছি।

আরও বলেন, আমার ব্যালট নম্বর ৭৮। আমি আপনাদের প্রতিশ্রুতি দিচ্ছি যে, ডাকসুকে আমি জবাবদিহিমূলক ও শিক্ষার্থীবান্ধব করব। বিশেষ করে নারী শিক্ষার্থীদের জন্য এটি হবে একটি নিরাপদ ও সম্মানজনক পরিবেশ, যেন তাদের নিজের ঘরের মতো।

ছাত্র ইউনিয়নের একাংশ ও ছাত্র ফ্রন্টের একাংশের সঙ্গে মিলে ‘অপরাজেয় ৭১, অদম্য ২৪’ প্যানেলে প্রতিদ্বন্দ্বিতা করছে বিসিএল।

মাহবুব ভিডিওতে বলেন, আমি মহান মুক্তিযুদ্ধের আদর্শ ধারণ করি, যেখান থেকে আমাদের গণতন্ত্র, অধিকার ও স্বাধীনতার শক্তি উৎসারিত হয়েছে। আপনাদের ভোটই আমার শক্তি, আর আপনাদের আস্থা আমার পথচলার প্রেরণা। আবারও দেখা হবে। আপনাদের প্রতি রইল শান্তি, রহমত ও বরকত।

ডাকসু নির্বাচনে বিপ্লবী ছাত্র পরিষদের ইশতেহার ঘোষণা

ভোটের প্রচারে এমন নতুনত্ব বেছে নেওয়ার বিষয়ে মাহবুব বলেন, প্রত্যেক ভোটারের সামনে প্রায় ছয়শ’র মত প্রার্থী, আবার ডাকসুতে ৪৭১ জনসহ। এদের প্রচার-প্রচারণা, লিফলেট বিতরণে শিক্ষার্থীদের মধ্যে নেতৃত্বাচক প্রভাবও পড়ছে।



তিনি বলেন, আবার সদস্য পদে প্রার্থীর সংখ্যা ২১৭ জন। হলের পাশাপাশি ফ্লোটিং ভোটারও আছে। প্রার্থী হিসাবে সবার কাছে যাওয়া প্রায় অসম্ভব। এ কারণে ভোটারদের দৃষ্টি আকর্ষণের জন্য আমি এই ভিডিওটা ধারণা করেছি।

বাংলা, ইংরেজি ও আরবিতে ভিডিও ধারণ করার কথা জানিয়ে তিনি বলেন, আরবি ভাষার ভিডিও প্রথমে প্রকাশ করা হয়েছে। বাংলা ও ইংরেজি ভাষার ভিডিও সম্পাদনার পর্যায়ে রয়েছে।

সুফি ঘরনার জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়া মাদ্রাসা থেকে আলিম পাস করেছেন মাহবুব। তিনি দুর্ঘেস্থ ব্যবস্থাপনা ইনসিটিউটের ২০১৭-১৮ সেশনের শিক্ষার্থী।

আরবি ভিডিও ধারণের ক্ষেত্রে মিশরের আল আজহার বিশ্ববিদ্যালয় পড়ুয়া নিজের ছোট ভাইয়ের সহায়তা নেওয়ার কথা জানান তিনি।

ধর্ম বিদ্রোহী আখ্যা দিয়ে বামধারার রাজনীতিকে কোর্ণেলিসা করার যে প্রচেষ্টা চলে আসছে, সেই ধারণা দুর করার চেষ্টাও এতে থাকার কথা বলছেন মাহবুব।

